



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩৬

১৮ অগ্রহায়ণ ১৪৩১

তারিখ: \_\_\_\_\_

০৩ ডিসেম্বর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ঋণ/লীজ শ্রেণিকরণ এবং সংস্থান সংরক্ষণ।

ঋণ/লীজ শ্রেণিকরণ ও সংস্থান সংরক্ষণ বিষয়ক মাস্টার সার্কুলার-ডিএফআইএম সার্কুলার নং-০৪, তারিখ: ২৬ জুলাই ২০২১-এর অনুচ্ছেদ নম্বর-৩.৩-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় ফাইন্যান্স কোম্পানি বস্তুগত মাপকাঠিতে শ্রেণিকরণযোগ্য ঋণ/লীজ উক্ত অনুচ্ছেদের আওতায় নিয়মিত ঋণ/লীজ হিসাবে প্রদর্শন করছে, যা গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে, উক্ত অনুচ্ছেদটি স্পষ্টীকরণার্থে জানানো যাচ্ছে যেঃ

ক) উক্ত অনুচ্ছেদ নম্বর-৩.৩-এ বর্ণিত "সময়ে সময়ে, আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব মূল্যায়নের ভিত্তিতে ঋণ/লীজ-এর শ্রেণি মানোন্নয়ন সম্ভব যা সমর্থনযোগ্য" মর্মে বর্ণিত নির্দেশনা কেবলমাত্র ফাইন্যান্স কোম্পানি কর্তৃক নিজস্ব বিবেচনায় গুণগত মাপকাঠিতে বিরূপমানে শ্রেণিকৃত ঋণ/লীজের শ্রেণি মানোন্নয়নের ক্ষেত্রে প্রযোজ্য হবে; এবং

খ) বস্তুগত মাপকাঠিতে শ্রেণিকৃত ঋণ/লীজের মানোন্নয়ন বা নিয়মিতকরণ বা বিশ্লেষণ অনাদায়ী কিস্তি পরিশোধের মাধ্যমে হতে হবে এবং শ্রেণিমান উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-৩.১-এ বর্ণিত সংশ্লিষ্ট ঋণ/লীজের কিস্তির সংখ্যার ভিত্তিতে নির্ধারিত হবে।

৩। উপর্যুক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে। এতদ্ব্যতীত, বর্ণিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৯ নং আইন)-এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।